# আসপেক্ট সিরিজ-এর
# বাংলা ব্যাকরণ ও নির্মিতি
# বইটি কেন প্রয়োজন

- এইচএসসি ব্যাকরণ ও নির্মিতি অংশের শুধু কমন উপযোগী এবং গুরুত্বপূর্ণ প্রশ্ন ও তার মানসম্মত উত্তর প্রদান
- বিগত সালের সকল বোর্ডের প্রশ্ন ও তার শুদ্ধ সমাধান
- ব্যাকরণ অংশে মনে রাখার সহজ কৌশল প্রদান
- অনেক মোটা ও ভারী ব্যাকরণগ্রন্থ বহন করা থেকে মুক্তি দান।
- শিট ও হ্যান্ডনোটের বিকল্প গ্রন্থ
- প্রাক্টিসের জন্য রয়েছে 'অধিক অনুশীলন' অংশ
- বিগত বছরের বোর্ড প্রশ্ন ও অতিরিক্ত তিনটি মডেল টেস্ট প্রশ্ন

# সংক্ষিপ্ত সূচিপত্র


| অধ্যায়ের ক্রম | অধ্যায়ের শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| | **ব্যাকরণ** | |
| অধ্যায়-১ | বাংলা উচ্চারণের নিয়ম | ১৫ |
| অধ্যায়-২ | বাংলা বানানের নিয়ম | ২১ |
| অধ্যায়-৩ | বাংলা ভাষার ব্যাকরণিক শব্দ শ্রেণি | ২৭ |
| অধ্যায়-৪ | বাংলা শব্দগঠন | ৩৫ |
| | উপসর্গ | ৩৫ |
| | সমাস | ৩৬ |
| অধ্যায়-৫ | প্রকৃতি-প্রত্যয় | ৪৬ |
| অধ্যায়-৬ | বাক্যতত্ত্ব | ৫৩ |
| | বাংলা ভাষার অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ | ৬২ |
| | **নির্মিতি** | |
| অধ্যায়-৭ | পারিভাষিক শব্দ/অনুবাদ | |
| | পারিভাষিক শব্দ | ৭১ |
| | অনুবাদ | ৭৮ |
| অধ্যায়-৮ | দিনলিপি/অভিজ্ঞতা/ভাষণ/প্রতিবেদন | |
| | দিনলিপি | ৮১ |
| | অভিজ্ঞতা | ৮৫ |
| | ভাষণ | ৯০ |
| | প্রতিবেদন | ৯৯ |
| অধ্যায়-৯ | বৈদ্যুতিন চিঠি/খুদে বার্তা/আবেদন পত্র/ব্যক্তিগত পত্র | |
| | বৈদ্যুতিন চিঠি | ১০৬ |
| | খুদে বার্তা | ১১১ |
| | আবেদন পত্র | ১১৫ |
| | ব্যক্তিগত পত্র | ১১৯ |
| অধ্যায়-১০ | সারাংশ/সারমর্ম/ভাবসম্প্রসারণ | |
| | সারাংশ | ১২৩ |
| | সারমর্ম | ১২৭ |
| | ভাবসম্প্রসারণ | ১৩২ |
| অধ্যায়-১১ | সংলাপ রচনা/খুদে গল্প | |
| | সংলাপ লিখন | ১৪০ |
| | খুদে গল্প লিখন | ১৪৮ |
| অধ্যায়-১২ | প্রবন্ধ ও নিবন্ধ রচনা | ১৫৫ |
| | বিগত বছরের প্রশ্ন ও মডেল টেস্ট | ১৭৮ ও ১৮৫ |


সাফল্যের ১ যুগ ধরে আসপেক্ট সিরিজ শিক্ষার্থীদের পছন্দের শীর্ষে

# অধ্যায় ১ উচ্চারণ

## প্রশ্ন-০১ বাংলা উচ্চারণের যে কোন পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

**অথবা, শব্দের শুরুতে (আদ্য) অ-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।**

**অথবা, অ-ধ্বনির উচ্চারণের যে কোন পাঁচটি নিয়ম লেখ।**

**অথবা, অ-ধ্বনির সংবৃত উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।**

**উত্তর**

১। যদি অ-ধ্বনি শব্দের শুরুতে থাকে, তারপরে যদি ই/ঈ, উ/ঊ থাকে তবে অ-এর উচ্চারণ সাধারণত সংবৃত 'ও' এর মত হবে। যেমন: (ময়ূর মোয়ুর্), অভিধান (ওভিধান্) ইত্যাদি।

২। যদি অ-ধ্বনি শব্দের শুরুতে থাকে, তারপরে যদি য-ফলাযুক্ত ব্যঞ্জনবর্ণ থাকে তবে অ-এর উচ্চারণ সংবৃত 'ও' এর মত হবে। যেমন: অন্য (ওন্নো), অধ্যক্ষ (ওদ্‌ধোক্‌খো) ইত্যাদি।

৩। শব্দের আদ্যে র-ফলা যুক্ত অ- এর উচ্চারণ সংবৃত 'ও' এর মত হবে। যেমন: প্রচুর (প্রোচুর্), প্রতিভা (প্রোতিভা)।

৪। শব্দের আদ্য অ- এর পরে ক্ষ বা জ্ঞ যুক্তব্যঞ্জন থাকলে অ- এর উচ্চারণ সংবৃত 'ও' এর মত হবে। যেমন: কক্ষ (কোক্‌খো), যজ্ঞ (জোগ্‌গোঁ)।

৫। যদি অ-ধ্বনি শব্দের শুরুতে থাকে, তারপরে যদি ঋ/ ৃ -কার থাকে তবে অ-এর উচ্চারণ সাধারণত সংবৃত 'ও' এর মত হবে। যেমন: মসৃণ (মোস্‌সৃন্), বক্তৃতা (বোক্‌তৃতা) ইত্যাদি।

৬। সাধু রীতিতে ই-ধ্বনি ছিল এমন ক্রিয়াপদ ও বিশেষ্যের বানানে চলিতরূপে 'ই' বিলুপ্ত হলেও পূর্ববর্তী প্রভাবে অনুরূপ আদ্য-অ প্রায়শ ও-রূপে উচ্চারিত হয়। যেমন: সাধু-করিব, চলিত-করব (কোর্‌বো)। সাধু-কলিকাতা, চলিত-কলকাতা (কোলকাতা)।

✍ <u>মনে রাখার কৌশল:</u> অভিধানে অধ্যক্ষের প্রতিভা কক্ষে বক্তৃতায় (বুঝলাম)।

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০২ শব্দের শেষে (অন্ত-অ) অ ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

**উত্তর**

১। শব্দের শেষে 'ং' (অনুস্বর) এর পরে অ-ধ্বনি থাকলে সে অ-ধ্বনি সংবৃত বা 'ও' এর মত উচ্চারিত হয়। যেমন: কংস (কঙ্‌শো), অংশ (অঙ্‌শো) ইত্যাদি।

২। শব্দের শেষে 'ঋ' বা ৃ-কারের পরে অ-ধ্বনি থাকলে সে অ-ধ্বনি সংবৃত বা 'ও' এর মত উচ্চারিত হয়। যেমন: বিকৃত (বিকৃতো), মৃত (ম্রিতো) ইত্যাদি।

৩। বাংলা ভাষায় ব্যবহৃত কিছু বিশেষণে পদের অন্তিমের অ- ধ্বনি ও এর মত উচ্চারিত হয়। যেমন: কাল (কালো), ভাল (ভালো)।

৪। দ্বিরুক্ত শব্দের অন্তিমের অ- ধ্বনি ও এর মত উচ্চারিত হয়। যেমন: হাস-হাস (হাসো-হাসো), কাঁদ-কাঁদ (কাঁদো-কাঁদো)।

৫। ১১ থেকে ১৮ সংখ্যবাচক শব্দের অন্তের অ-ধ্বনি ও এর মত উচ্চারিত হয়। যেমন: এগার (এগারো), পনের (পনেরো)।

৬। বিশেষ্যের শেষে 'হ' থাকলে অন্ত্য-অ সংবৃত উচ্চারিত হয়। যেমন: বিবাহ (বিবাহো), সমীহ (শোমিহো)।

৭। ক্রিয়াপদের অন্ত্য অ-ধ্বনি সংবৃত উচ্চারিত হয়। যেমন: যাব (জাবো), বলল (বোল্‌লো)।

✍ <u>মনে রাখার কৌশল:</u> কংস (রাজা) বিকৃত কাল কাঁদো কাঁদো এগার (বোন)।

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০৩ শব্দের মধ্য-অ ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

**উত্তর**

১। তিন বা তার অধিক বর্ণে গঠিত শব্দের মধ্য-অ ধ্বনির আগে অ/আ/এ/ও থাকলে মধ্য-অ ধ্বনিটি সংবৃত উচ্চারিত হয়। যেমন: কাজল (কাজোল্), বেতন (বেতোন্), ছাগল (ছাগোল্), ওজন (ওজোন্), ছোবল (ছোবোল্)।

২। শব্দ মধ্যস্থিত ব্যঞ্জনবর্ণে যুক্ত অ-ধ্বনির পরে ই/উ বা এর কার চিহ্ন থাকলে মধ্য অ-ধ্বনিটি সংবৃত উচ্চারণ হবে। যেমন: কাকলি (কাকোলি), প্রণতি (প্রোনোতি)।

৩। শব্দ মধ্যস্থিত ব্যঞ্জনবর্ণে যুক্ত অ ধ্বনির পরে ঋ বা এর কার চিহ্ন থাকলে মধ্য অ-ধ্বনিটি সংবৃত উচ্চারণ হবে। যেমন: লোকনৃত্য (লোকোনৃত্‌তো), অমসৃণ (অমোসৃন্)।

৪। শব্দ মধ্যস্থিত ব্যঞ্জনবর্ণে যুক্ত অ ধ্বনির পরে 'য-ফলা' থাকলে মধ্য অ-ধ্বনিটি সংবৃত উচ্চারণ হবে। যেমন: অসভ্য (অশোব্‌ভো), অকথ্য (অকোত্‌থো), সৌজন্য (শোউজোন্‌নো)।

৫। শব্দ মধ্যস্থিত ব্যঞ্জনবর্ণে যুক্ত অ ধ্বনির পরে 'ক্ষ/জ্ঞ' থাকলে মধ্য অ-ধ্বনিটি সংবৃত উচ্চারণ হবে। যেমন: বিশেষজ্ঞ (বিশেশোগ্‌গোঁ), সর্পযজ্ঞ (সরপোজোগ্‌গোঁ) যক্ষ্মার (জবোক্‌খার)।

৬। বাংলা ভাষায় বেশ কিছু সমাসবদ্ধ তৎসম শব্দ ব্যবহৃত হয়, যেগুলো পৃথক উচ্চারণে হসন্ত হলেও সমাসবদ্ধ অবস্থায় মধ্য-অ রক্ষিত হয়ে ও-কারান্ত রূপে উচ্চারিত হয়। যেমন: দীনবন্ধু (দিনোবোন্‌ধু), মেঘদূত (মেঘোদুত্), বনবাসী (বনোবাশি), পথচারী (পথোচারি)।

✍ <u>মনে রাখার কৌশল:</u> ছাগল কাকলি অসভ্য বিশেষজ্ঞকে লোকনিত্য (দেখালো)।

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০৪ এ-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

**অথবা, শব্দের আদ্য- এ-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।**

**উত্তর**

১। একাক্ষর সর্বনাম পদের এ-সাধারণত সংবৃত হয়। যেমন: সে (শে), কে (কে)।

২। দুই অক্ষর সর্বনাম/অব্যয়ের এ-সাধারণত বিবৃত হয়। যেমন: এত (এ্যাতো), কেন (ক্যানো) ইত্যাদি।

৩। যদি শব্দের শুরুতে এ-থাকে এবং তারপরে যদি ই/উ বা উভয়ের কার চিহ্ন থাকে তবে শুরুতে বসা এ-সংবৃত উচ্চারণ হবে। যেমনঃ রেনু (রেনু), বেলুন (বেলুন), একটু (একটু)।

৪। শব্দের শুরুতে যদি এ-থাকে এবং তারপরে যদি ং/ঙ থাকে তবে শুরুতে বসা এ-বিবৃত উচ্চারণ হবে। যেমনঃ বেঙ্গমা (ব্যাঙ্গোমা), খেংড়া (খ্যাঙড়া)।

৫। খাঁটি বাংলা শব্দের শুরুতে সাধারণত এ-বিবৃত উচ্চারণ হবে। যেমনঃ তেনা (ত্যানা), তেলাপোকা (ত্যালাপোকা)।

৬। শব্দের শুরুতে যদি এ-কার থাকে এবং তারপরে যদি ই, ঈ, উ, ঊ, এ, ও, য়, ও, ল, শ, হ থাকে সে ক্ষেত্রে সাধারণত এ-স্বাভাবিক উচ্চারণ হবে। যেমনঃ মেকি (মেকি), মেয়ে (মেয়ে), জেল (জেল)।

৭। ই-কার যুক্ত ধাতু প্রাতিপদিকের সাথে আ-প্রত্যয় যুক্ত হলে সেই এ-কারের উচ্চারণ অবিকৃত থাকে। যেমনঃ শেখা (শিখ্ +আ)- শেখা, লেখা (লিখ্+আ) লেখা।

✍ <u>মনে রাখার কৌশল:</u> *সে কেন রেনুকে খেংড়া তেলাপোকা (বললো)।*

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০৫ ব-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

**উত্তর**

১। শব্দের প্রথমে ব-ফলার উচ্চারণ হয় না। তবে সামান্য একটু ঝোঁক/শ্বাসাঘাত পড়ে। যেমনঃ স্বামী (শামি), স্বজন (শজোন্), স্বাগত (শাগতো)।

২। শব্দের মধ্যে বা শেষে ব-ফলা যুক্ত হলে যে বর্ণের সাথে যুক্ত হয়েছে সে বর্ণের দিত্ব উচ্চারণ হবে। যেমনঃ আশ্বিন (আশ্‌শিন্), অশ্ব (অশ্‌শো)।

৩। সন্ধির প্রক্রিয়ায় শব্দের মাঝে গ এর সাথে ব-ফলা হলে ফলার উচ্চারণ বহাল থাকবে। যেমনঃ দিগ্বিদিক (দিগ্‌বিদিক্), দিগ্বিজয় (দিগ্‌বিজয়্)।

৪। শব্দের মাঝে ব/ম এর সাথে ব-ফলা যুক্ত হলে ফলার উচ্চারণ বহাল থাকবে। যেমনঃ তিব্বত (তিব্‌বত্)), নীলাম্বরী (নিলাম্‌বোরি)।

৫। উৎ উপসর্গ দিয়ে গঠিত শব্দের সাথে ব-ফলা যুক্ত হলে ফলার উচ্চারণ বহাল থাকবে। যেমনঃ উদ্বেগ (উদ্‌বেগ), উদ্বিগ্ন (উদ্‌বিগ্‌নো) ইত্যাদি।

৬। যুক্ত ব্যঞ্জনের সাথে ব-ফলা থাকলে তা অনুচ্চারিত থাকে। যেমনঃ উজ্জ্বল (উজ্‌জল্), উচ্ছ্বাস (উচ্‌ছাশ্), তত্ত্ব (তত্‌তো), দ্বন্দ্ব (দন্‌দো)।

✍ <u>মনে রাখার কৌশল:</u> স্বামী আশ্বিনে দিগ্বিদিক (যায়), নীলাম্বরী উদ্বিগ্ন (থাকে)।

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০৬ ম-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

**উত্তর**

১। শব্দের প্রথমে ম-ফলার উচ্চারণ হয় না। তবে সামান্য একটু নাসিক্য হয়। যেমনঃ শ্মশান (শঁশান্), স্মরণ (শঁরোন্) ইত্যাদি।

২। শব্দের মধ্যে বা শেষে ম-ফলা যুক্ত হলে যে বর্ণের সাথে যুক্ত হয়েছে সে বর্ণের দিত্ব উচ্চারণ হবে। যেমনঃ আকস্মিক (আকোশ্‌শিক্),বিস্ময় (বিশ্‌শঁয়্)।

৩। যুক্তব্যঞ্জনের সাথে ম-ফলা যুক্ত হলে ফলার উচ্চারণ হবে না। যেমনঃ সূক্ষ্ম (শুক্‌খো)), লক্ষ্মণ (লক্‌খোন্)।

৪। শব্দের মাঝে গ/ণ/ট/ন/ল/ঙ এর সাথে ম-ফলা হলে ফলার উচ্চারণ বহাল থাকবে। যেমনঃ যুগ্ম (যুগ্‌মো), বাগ্মী (বাগ্‌মি)।

৫। বাংলা ভাষায় ব্যবহৃত ম-ফলাযুক্ত কতিপয় সংস্কৃত শব্দ রয়েছে যার বানান ও উচ্চারণ সংস্কৃত রীতি অনুযায়ী হবে। যেমনঃ কাশ্মীর (কাশ্‌মির), সুস্মিতা (শুশ্‌মিতা) ইত্যাদি।

✍ <u>মনে রাখার কৌশল:</u> স্মরণ আকস্মিক লক্ষ্মণ যুগ্মকে (নিয়ে) কাশ্মীরে (গেল)।

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০৭ য-ফলা উচ্চারণের পাঁচটি নিয়ম লেখ।

**উত্তর**

১। শব্দের শুরুতে য-ফলা যুক্ত হলে এবং অন্তে অ/আ কারান্ত হলে য-ফলার উচ্চারণ অ্যা-কারান্ত হয়। যেমনঃ ব্যথা (ব্যাথা), ব্যর্থ (ব্যার্থ) ইত্যাদি।

২। শব্দের শুরুতে য-ফলার সাথে যদি ও/উ/ঊ বা এদের কার থাকে তবে য-ফলার কোন উচ্চারণ হবে না। যেমনঃ ন্যূনতম (নুনোতমো), ব্যূহ (বুহো)।

৩। পদের মধ্যে বা অন্তে যুক্তব্যঞ্জন বর্ণের সাথে য-ফলা যুক্ত হলে সাধারণত তার কোন উচ্চারণ হয় না। যেমনঃ স্বাস্থ্য (শাস্‌থো), সন্ধ্যা (শোন্‌ধা)।

৪। পদের মধ্যে বা অন্তবর্ণের সাথে য-ফলা যুক্ত হলে সাধারণত তার উচ্চারণ ও-কারান্ত হয় এবং যে বর্ণে য-ফলা যুক্ত হয়েছে সে বর্ণটি দ্বিত্ব উচ্চারিত হয়। যেমনঃ সত্য (শোত্‌তো), তথ্য (তোত্‌থো) ইত্যাদি।

৫। শব্দের শেষের ব্যঞ্জনবর্ণের সাথে য-ফলা এবং আ-কার যুক্ত হলে ঐ ব্যঞ্জন বর্ণটি দ্বিত্ব উচ্চারিত হবে। যেমনঃ বিদ্যা (বিদ্‌দা), কন্যা কোন্‌না)।

✍ <u>মনে রাখার কৌশল:</u> ব্যথা ন্যূনতম (হলেও) স্বাস্থ্য সত্য কন্যা (মেনে চলে)।

**বি.দ্র.:** *৫টি উদাহরণ শুদ্ধ উচ্চারণসহ মনে রাখলেই উদাহরণ অনুযায়ী নিয়মগুলোর উত্তর লেখা সম্ভব হবে।*

## প্রশ্ন-০৮ উচ্চারণ রীতি কাকে বলে? উচ্চারণের প্রয়োজনীয়তা আলোচনা কর।

**উত্তর** শব্দের যথাযথ উচ্চারণের জন্য নিয়ম বা সূত্রের সমষ্টিকে উচ্চারণ রীতি বলে। ভাষাতত্ত্ববিদ ও ব্যাকরণবিদগণ উচ্চারণ রীতি প্রনয়ণ করেছেন। উচ্চারণ একটি ভাষিক শিল্প। মনের ভাব লিখে বা উচ্চারণ করে, যেভাবেই হোক না কেন, তা প্রকাশ করতে হলে ঠিক বানান বা বিশুদ্ধ উচ্চারণ অপরিহার্য। কণ্ঠ অথবা বাগযন্ত্র ছাড়া যেমন ভাষার মৌখিক রূপ অসম্ভব, তেমনি ভাষা প্রকাশে উচ্চারণ সম্পর্কে স্পষ্ট ধারণার অভাব থাকলে আধুনিককালে ভাষাশিক্ষা অসম্পূর্ণ বলে বিবেচিত হয়। বাংলা ভাষায় অনেক বর্ণের আকৃতি ও রূপ এক না হলেও উচ্চারণ অভিন্ন নয়। যেমন : শ, স, ষ, র, ড়, ঢ়- এসব ব্যঞ্জনবর্ণের ঠিক স্থান থেকে উচ্চারণ প্রয়োজন। তাই আলাদা আলাদা স্থান চিহ্নিত করা আছে। যেমন : তালু, মূর্ধা, দন্ত, ওষ্ঠ, নাসিকা ইত্যাদি। উচ্চারণ হলো বাকশিল্পের অন্যতম উপাদান। কাজেই উচ্চারণের বিভ্রান্তি এড়ানোর জন্য সূত্রনির্ভরতা, স্বরনির্ধারণ, অনুশীলন এবং সর্বোপরি আঞ্চলিকতা পরিহারের জন্য বিশুদ্ধ উচ্চারণ অপরিহার্য। শুদ্ধ ভাষাচর্চা বলতে যেমন ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক জ্ঞান এবং তার ঠিক ব্যবহারকে বুঝায়, তেমনি শুদ্ধ ভাষার বৈশিষ্ট্য হিসেবে ভাষার শুদ্ধ ও ঠিক উচ্চারণকে বিবেচনা করা হয়। ভুল উচ্চারণ ভাষাকে একদিকে যেমন অপরিচ্ছন্ন ও জটিল করে তোলে, অন্যদিকে তেমনি ধ্বনিগত ও অর্থগত বিকৃতি ও পরিবর্তন ঘটায়। কাজেই শুদ্ধ উচ্চারণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

| সিলেট বোর্ড-২০১৯ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| একাডেমি | অ্যাকডেমি |
| উদাহরণ | উদাহরোন্ |
| ধার্য | ধার্‌জো |
| প্রণীত | প্রোনিতো |
| অদ্বিতীয় | অদ্‌দিতিয়ো |
| চর্যাপদ | চোর্‌জাপদ্ |
| ব্রাহ্মণ | ব্রাম্‌হোন্ |
| রূপসী | রুপোশি |

| বরিশাল বোর্ড-২০১৯ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| ব্যাকরণ | ব্যাকরোন্ |
| বিশ্বাস | বিশ্‌শাশ্ |
| ঐতিহ্য | ওইতিজ্‌ঝো |
| পক্ষ | পোক্‌খো |
| হৃৎপিণ্ড | রিত্‌পিন্‌ডো |
| নদী | নোদি |
| পদ্ম | পদ্‌দোঁ |
| আহ্বান | আওভান্ |

| সকল বোর্ড-২০১৮ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| শ্রাবণ | স্রাবোন্ |
| রাষ্ট্রপতি | রাশ্‌ট্রোপোতি |
| শ্রদ্ধাস্পদ | স্রোদ্‌ধাশ্‌পদো |
| নক্ষত্র | নোক্‌খোত্‌ত্রো |
| প্রেতাত্মা | প্রেতাত্‌তাঁ |
| প্রজ্ঞা | প্রোগ্‌গাঁ |
| অত্যাবশ্যক | ওত্‌তাবোশ্‌শোক্ |
| দায়িত্ব | দায়িত্‌তো |

| ঢাকা বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| উপস্থিত | উপোস্‌থিত্ |
| দরখাস্ত | দর্‌খাস্‌তো |
| প্রায়শ্চিত্ত | প্রায়োশ্‌চিত্‌তো |
| অতি | ওতি |
| মর্যাদা | মোর্‌জাদা |
| লাবণ্য | লাবোন্‌নো |
| স্বল্প | শল্‌পো |
| ব্যবহার | ব্যাবোহার্ |

| রাজশাহী বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| অক্ষ | ওক্‌খো |
| বৈশাখ | বোইশাখ্ |
| বিদ্বান | বিদ্‌দান্ |
| ছাত্র | ছাত্‌ত্রো |
| সভ্য | শোব্‌ভো |
| একা | অ্যাকা |
| অসীম | অশিম্ |
| পদ্য | পোদ্‌দো |

| দিনাজপুর বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| জ্ঞাত | গ্যাতোঁ |
| পরীক্ষা | পোরিক্‌খা |
| প্রণীত | প্রোনিতো |
| দায়িত্ব | দায়িত্‌তো |
| একতা | অ্যাকোতা |
| অসীম | অশিম্ |
| গ্রীষ্মকাল | গ্রিশ্‌শোঁকাল্ |
| ব্যাখ্যা | ব্যাক্‌খ্যা |

| যশোর বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| ঐক্য | ওইক্‌কো |
| কবিতা | কোবিতা |
| দক্ষ | দোক্‌খো |
| ব্যতীত | বেতিতো |
| মর্যাদা | মোর্‌জাদা |
| সৃজনশীল | সৃজন্‌শিল্ |
| হিংস্র | হিঙ্‌স্‌স্রো |
| বিজ্ঞান | বিগ্‌গ্যাঁন্ |

| কুমিল্লা বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| গঞ্জনা | গন্‌জোনা |
| লক্ষণ | লোক্‌খোন্ |
| আহ্বান | আওভান্ |
| ওজস্বী | ওজোশ্‌শি |
| অশিক্ষিত | অশিক্‌খিতো |
| উদ্যোগ | উদ্‌দোগ্ |
| মন্তব্য | মোন্‌তোব্‌বো |
| অধ্যক্ষ | ওদ্‌ধোক্‌খো |

| চট্টগ্রাম বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| একটি | এক্‌টি |
| কর্ম | কর্‌মো |
| নিঃশর্ত | নিশ্‌শর্‌তো |
| যথাক্রমে | জথাক্‌ক্রোমে |
| দ্রষ্টব্য | দ্রোশ্‌টোব্‌বো |
| অতীত | ওতিত্ |
| ধন্যবাদ | ধোন্‌নোবাদ্ |
| মর্যাদা | মোর্‌জাদা |

| সিলেট বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| অকৃতজ্ঞ | অকৃতগ্‌গোঁ |
| অতঃপর | অতোপ্‌পর্ |
| আবশ্যক | আবোশ্‌শোক্ |
| চিহ্নিত | চিন্‌হিতো |
| ঐকতান | ওইকোতান্ |
| শ্লেষ্মা | স্লেশ্‌শাঁ |
| প্রশ্ন | প্রোশ্‌নো/প্রোস্‌নো |
| জিহ্বা | জিওভা |

| বরিশাল বোর্ড-২০১৭ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| অদ্য | ওদ্‌দো |
| ইতঃপূর্বে | ইতোপ্‌পুরবে |
| উপমা | উপোমা |
| কক্ষ | কোক্‌খো |
| তন্ময় | তন্‌ময় |
| বিজ্ঞ | বিগ্‌গোঁ |
| মৃন্ময় | মৃন্‌ময় |
| অদ্য | ওদ্‌দো |

| ঢাকা বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| মন | মোন্ |
| ব্যাখ্যা | ব্যাক্‌খা |
| নদী | নোদি |
| ব্রাহ্মণ | ব্রাম্‌হোন্ |
| এক | অ্যাক্ |
| অসীম | অশিম্ |
| পদ্ম | পদ্‌দোঁ |
| আবৃত্তি | আবৃত্‌তি |

| রাজশাহী বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| অধ্যক্ষ | ওদ্‌ধোক্‌খো |
| প্রজ্ঞা | প্রোগ্‌গাঁ |
| দুরন্ত | দুরন্‌তো |
| নিষিদ্ধ | নিশিদ্‌ধো |
| পদ্য | পোদ্‌দো |
| ঔষধ | ওউশধ্ |
| অনিঃশেষ | অনিশ্‌শেশ্ |
| ভবিষ্যৎ | ভোবিশ্‌শত্ |

| দিনাজপুর বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| অধ্যাপক | ওদ্‌ধাপোক্ |
| উদাহরণ | উদাহরোন্ |
| খাদ্য | খাদ্‌দো |
| নাগরিক | নাগোরিক্ |
| ছাত্র | ছাত্‌ত্রো |
| একাডেমি | অ্যাকাডেমি |
| ধন্যবাদ | ধোন্‌নোবাদ |
| প্রথম | প্রোথোম্ |

| যশোর বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| এখন | অ্যাখোন্ |
| গণিত | গোনিত্ |
| তটিনী | তোটিনি |
| ঐশ্বর্য | ওইশ্‌শোর্‌জো |
| একা | অ্যাকা |
| দক্ষ | দোক্‌খো |
| পদ্য | পোদ্‌দো |
| অধ্যক্ষ | ওদ্‌ধোক্‌খো |

| কুমিল্লা বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| চর্যপদ | চোর্‌জাপদ্ |
| অত্যাচার | ওত্‌তাচার্ |
| বিজ্ঞপ্তি | বিগ্‌গোঁপ্‌তি |
| স্বাগত | শাগোতো |
| আহ্বান | আওভান্ |
| স্মর্তব্য | শঁর্‌তোব্‌বো |
| ব্রহ্মান্ড | ব্রোম্‌হান্‌ডো |
| পদ্য | পোদ্‌দো |

| চট্টগ্রাম বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| দীনবন্ধু | দিনোবোন্‌ধু |
| পরীক্ষিত | পোরিক্‌খিতো |
| ঋগ্বেদ | রিগ্‌বেদ্ |
| একাডেমি | অ্যাকাডেমি |
| রূপসী | রুপোশি |
| আবৃত্তি | আবৃত্‌তি |
| চিহ্ন | চিন্‌হো |
| দীনবন্ধু | দিনোবোন্‌ধু |

| সিলেট বোর্ড-২০১৬ | |
|---|---|
| শব্দ | উচ্চারণ |
| খাদ্য | খাদ্‌দো |
| যজ্ঞ | জোগ্‌গোঁ |
| মন্তব্য | মোন্‌তোব্‌বো |
| ধার্য | ধার্‌জো |
| চলন্ত | চলোন্‌তো |
| লক্ষণ | লোক্‌খোন্ |
| সমন্বয় | শমোন্‌নয় |
| খাদ্য | খাদ্‌দো |

| বরিশাল বোর্ড-২০১৬ | | | |
|---|---|---|---|
| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
| গ্রীষ্মকাল | গ্রিশ্‌শোঁকাল্ | সংগ্রহ | শঙ্‌গ্রোহো |
| পুনঃপুন | পুনোপ্‌পুনো | অধ্যক্ষ | ওদ্‌ধোক্‌খো |
| ষান্মাসিক | শান্‌মাশিক্ | আহ্বান | আওভান্ |
| জ্ঞাত | গ্যাতোঁ | স্বাগত | শাগোতো |

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো:
i. যে লোক চরিত্রহীন, সে পশুর চেয়ে অধম। (সরল)
ii. বিদ্বান হলেও তাঁর অহংকার নেই। (যৌগিক)
iii. তিনি ধনী ছিলেন, কিন্তু সুখী ছিলেন না। (জটিল)
iv. যদি পরিশ্রম করো, তাহলে ফল পাবে। (যৌগিক)
v. মানুষ মরণশীল। (নেতিবাচক)
vi. বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। (প্রশ্নবোধক)
vii. এটি ভারি লজ্জার কথা। (বিস্ময়বাচক)
viii. ধনীর কন্যা তার পছন্দ নয়। (অস্তিবাচক)

০৬. (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i. দৈন্যতা কোনো সময়ই প্রশংসনীয় নয়।
ii. দুঃসংবাদটি শুনে সে চোখের অশ্রুজল সংবরণ করতে পারলো না।
iii. এ বিষয়ে অজ্ঞানতাই তার পতনের কারণ।
iv. পরীক্ষা চলাকালীন সময়ে হর্ণ বাজানো নিষেধ।
v. পাহাড়ের প্রাকৃতিক বৈচিত্রতা আমাদের মুগ্ধ করে।
vi. তিনি সস্ত্রীক নিউমার্কেটে গিয়েছেন।
vii. আমারা বিদেহী আত্মার চিরশান্তি কামনা করছি।
viii. তাহাকে এখান থেকে যাইতে হবে।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো:
রাত জেগে ফেইসবুক দেখে অনেক ছাত্ররা নিজেদের শরীরের ক্ষতি করেছে। এতে তারা যেমন মানসিক দৌর্বল্যতায় ভুগছে তেমনি পড়াশুনায় হচ্ছে অমনোযোগি। তাছাড়া আবশ্যকীয় প্রস্তুতির অভাবে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করতে না পেরে অনেকে চোখে সর্ষে পুষ্প দেখে।

০৭. (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো: ১০
Attestation, Booklet, Chief, whip, Deputation, Ethics, Hoem Ministry, Governing Body, Notice board, Prepaid, X-ray, Racism, Settlement, Tribunal, Bulletin, External.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lesson interesting. He discovers the treasure hidden inside each student.

০৮. (ক) তোমার কলেজ জীবনের কোনো তাৎপর্যপূর্ণ ঘটনার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০
অথবা, (খ) নিত্যপ্রয়োজনীয় খাদ্যদ্রব্যের ভেজাল প্রবণতা বিষয়ে একটি অনুসন্ধানী প্রতিবেদন রচনা করো।

০৯. (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোট ভাইকে একটি বৈদ্যুতিন চিঠি লেখো। ১০
অথবা, (খ) তোমার কলেজে নজরুল জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে আমন্ত্রণপত্র রচনা করো।

১০. (ক) সারমর্ম লেখো: ১০
কোথায় স্বর্গ, কোথায় নরক, কে বলে তা বহুদূর?
মানুষের মাঝেই স্বর্গ-নরক, মানুষেতে সুরাসুর।
রিপুর তাড়নে যখনি মোদের বিবেক পায় গো লয়,
আত্মগ্লানির নরক অনলে তখনই পুড়িতে হয়।
প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে,
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:
পথ পথিকের সৃষ্টি করে না, পথিকই পথের সৃষ্টি করে।

১১. (ক) বাল্যবিবাহ নিরোধের গুরুত্ব সম্পর্কে শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে সংলাপ রচনা করো। ১০
অথবা, (খ) 'সাম্প্রদায়িক সম্প্রীতির মেলবন্ধন' বিষয়ক একটি খুদেগল্প লেখো।

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো:
(ক) তথ্য প্রযুক্তি ও বাংলাদেশ
(খ) একুশের চেতনায়' ৭১ এর মুক্তিযুদ্ধ
(গ) রোহিঙ্গা সমস্যা ও সমাধানের উপায়
(ঘ) মাদকাসক্তি ও আমাদের যুবসমাজ
(ঙ) রূপসী বাংলাদেশ।

## বরিশাল বোর্ড-২০১৯

০১. (ক) বাংলা শব্দে আদ্য 'অ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫
অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:
পক্ষ, ব্যাকরণ, বিশ্বাস, ঐতিহ্য, হৃৎপিন্ড, নদী, আহ্বান, পদ্ম।

০২. (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫
অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:
প্রাতভ্রমণ, মাধুর্যতা, নিরপরাধি, ঊজ্জ্বল্য, সচিত্রিত, দৈন্যতা, বহিস্কার, পিপিলিকা।

০৩. (ক) আবেগ শব্দ কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লেখো। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত করো:
আছেন তো ভালো? ছেলেমেয়ে? কিছু আলাপের পর দেখিয়ে সফেদ দেয়ালের শান্ত ফটোগ্রাফটিকে বললাম জিজ্ঞাসু অতিথিকে।

০৪. (ক) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো: ৫
মেয়ে, জয়, ভাগ্নে, লিখিত, ভাবুক, দারোয়ান, বাগিচা, কর্তা।
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো। (যেকোনো পাঁচটি)
সলিলসমাধি, গ্রন্থকার, আকণ্ঠ, প্রবাদ, উত্তরোত্তর, নবরত্ন, শতাব্দী, বিষাদসিন্ধু।

০৫. (ক) অর্থ অনুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫
অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটির বাক্যান্তর করো:
i. ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
ii. তাদের গ্রামে ফিরিয়া আসা চলে না। (প্রশ্নবোধক)
iii. আশেপাশে কোন শব্দ নেই। (অস্তিবাচক)
iv. ভাষায় অক্ষরের ভূমিকা গৌণ। (নেতিবাচক)
v. কাজ না করলে চলে যাও। (যৌগিক)
vi. আইন মেনে চলা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
vii. এদেশ বড় বিচিত্র। (বিস্ময়সূচক)
viii. সত্য কথা বলিনি তাই বিপদে পড়েছি। (সরল)

০৬. (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i. বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।
ii. এক পৌষে শীত যায় না।
iii. বন্দরে কয়েকটি ডিপার্টমেন্টাল স্টোর আছে।
iv. উপরোক্ত বাক্যটি শুদ্ধ নয়।
v. ঘটনাটি অত্যন্ত লজ্জাষ্কর।
vi. মামলা চালাতে গিয়ে লোকটি সর্বশান্ত হলো।
vii. কেবলমাত্র গায়ের জোরে সব কাজ হয় না।
viii. শিক্ষক অন্যান্য বিষয়সমূহের আলোচনা করলেন।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো:
সেদিন স্যার রাগিয়া বললেন, "তোমারা এস. এস. সি. পাস করিলে কিভাবে? মণিষি, সমিচীন, লবণ, আকাংখা, শান্তনা, বিদ্যান, সংস্কৃতিবান ইত্যাদি বানান পর্যন্ত ভুল করছ। এজন্য তোমাদের অনুতপ্ত হওয়া উচিত।

০৭. (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক শব্দ লেখো: ১০
Ad-hoc, By-election, Caption, Data, Ethics, Fine-Art, Idiom, Kindergarten, Landscape, Nebula, Ordiance, Parade, Quarter, Rational, Syntax.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
Family is the first school where the child learns his lessons, The first lessons are very essential for developing his mind. He sees, hears and begins to lern in his family, family builds his character. In a good family honest and healthy men are made.

০৮. (ক) শীতকালীন ছুটি কীভাবে কাটিয়েছ তার অভিজ্ঞতা বর্ণনা করো। ১০
অথবা, (খ) 'গণতন্ত্র ও মানবাধিকার' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি করো।

০৯. (ক) মোবাইল ফোনের অপব্যবহারের ক্ষতিগুলো উল্লেখ করে বন্ধুদের প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা করো। ১০
অথবা, (খ) তোমার কলেজের সামনের রাস্তাটি সংস্কারের জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি চিঠি লেখো।

১০. সারাংশ লেখো: ১০
জ্ঞানের স্পৃহা ছাড়া শিক্ষা ব্যর্থতায় পর্যবসিত হয়। তখন পরীক্ষা পাসটাই বড় হয়। এতে পরীক্ষা পাস করা লোকের অভাব না থাকলেও জ্ঞানীর অভাব দেখা দেয়। পরীক্ষা পাসের মোহ যদি ছাত্রছাত্রীদের উৎকণ্ঠিত রাখে, তবে জ্ঞান নির্বাসনে চলে যায়। পৃথিবীতে অক্ষয় আসন লাভের জন্য তরুন সমাজকে জ্ঞানের প্রতি উৎসাহী করে তুলতে হবে। পরীক্ষা পাসের মোহ থেকে মুক্ত না হলে তরুণ সমাজের সামনে কখনোই জ্ঞানের দিগন্ত উন্মোচিত হবে না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:
প্রাণ থাকলেই প্রাণী হয়, কিন্তু মন না থাকলে মানুষ হয় না।

১১. (ক) বাংলাদেশ ক্রিকেট দলের সম্প্রতি অর্জিত কোনো সাফল্য সম্পর্কে দুই বন্ধুর সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদেগল্প লেখো:

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো: ২০
(ক) পরিবেশ দূষণ: কারণ ও প্রতিকার
(খ) তথ্যপ্রযুক্তি ও আজকের বাংলাদেশ
(গ) বই পড়ার আনন্দ
(ঘ) বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য
(ঙ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ।

## সকল বোর্ড-২০১৮

০১. (ক) 'এ'-ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:
শ্রাবণ, রাষ্ট্রপতি, শ্রদ্ধাস্পদ, নক্ষত্র, অত্যাবশ্যক, দায়িত্ব, প্রেতাত্মা, প্রজ্ঞা।

০২. (ক) বাংলা একাডেমি প্রণীত বাংলা বানানের পাঁচটি নিয়ম অনুসারে ই, উ, ক্ষ, শ এবং রেফ (র্ ) ব্যবহারের নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:
স্বত্ত্বা, সমিচীন, আইনজীবি, পোস্টমাষ্টার, মূর্চ্ছনা, বিদূষি, উচ্ছাস, ইতিমধ্যে।

০৩. (ক) যোজক কাকে বলে? যোজক কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে নিম্নরেখ শব্দগুলোর ব্যাকরণিক শ্রেণি নির্দেশ করো:
সে ছিল চমৎকার এক <u>সুন্দরী</u> তরুণী। নিয়তির ভুলেই যেন এক কেরানির <u>পরিবারে</u> তার জন্ম হয়েছে। <u>তার</u> ছিল না কোনো আনন্দ, কোনো আশা। পরিচিত হবার, প্রশংসা পাওয়ার, প্রেমলাভ করার এবং কোনো ধনী <u>অথবা</u> বিশিষ্ট লোকের সঙ্গে বিবাহিত হওয়ার কোনো উপায় তার ছিল না। তাই শিক্ষা পরিষদ আপিসের <u>সামান্য</u> এক কেরানির সঙ্গে বিবাহ সে স্বীকার করে নিয়েছিল।

০৪. (ক) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো: ৫
জয়, নীলিমা, উক্তি, প্রেম, সম্রাট, খোদাই, প্রাচুর্য, ধার্মিক।

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো। ( যেকোনো পাঁচটি)
প্রভাকর, উপনদী, রাজপথ, উদ্বেল, বীরকেশরী, আশীবিষ, বইপড়া, অহিনকুল।

০৫. (ক) বাক্য কী? সার্থক বাক্যের বৈশিষ্ট্যসমূহ উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটির বাক্যান্তর করো:
i. সাহিত্য জীবনের স্বাভাবিক প্রকাশ। (প্রশ্নবোধক)
ii. বিপন্নদের সেবা করা কর্তব্য। (অনুজ্ঞাসূচক)
iii. রাঙ্গামাটির প্রাকৃতিক দৃশ্য খুবই চমৎকার। (বিষ্ময়বোধক)
iv. অনুষ্ঠানটি আমি উপস্থাপনা করব। (নেতিবাচক)
v. উদারতা কৃপণদের ধর্ম নয়। (অস্তিবাচক)
vi. সূর্যোদয়ে অমানিশা কেটে যাবে। (জটিল)
vii. যারা সংস্কৃতিবান, তারা শান্তিপ্রিয় হয়। (সরল)
viii. যদিও সে অশিক্ষিত, তবুও সে দেশপ্রেমিক। (যৌগিক)

০৬. (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখো: ৫
i. তিনি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভাষণ দেবে।
ii. প্রয়াত কবিকে আমরা সবাই অশ্রুজলে বিদায় দিলাম।
iii. তাহারা সবাই অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে।
iv. সুশিক্ষার কোনো বিকল্প নেই।
v. এতে গৌরব লোপ হয়েছে।
vi. শ্রাবণী অত্যন্ত বুদ্ধিমান মেয়ে।
vii. সকল সদস্যগণকে অভিনন্দন জানাচ্ছি।
viii. পরবর্তীতে আপনি আবার আসবেন।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ শুদ্ধ করো:
জামিল সাহেব স্বপরিবারে ছুটি কাটাতে চলেছেন। এবার তাঁর যাত্রা কক্সবাজারের সমুদ্রসৈকত। কিন্তু ট্রেনে কিছু যাত্রীর সৌজন্যতাহীন আচরণে তিনি বড় বিরক্ত হলেন। শিক্ষাসফরের যাত্রীরা অসুরে গলায় সুরদেবীর আরাধনা করছে। তবে তাঁর বিরক্তবোধ প্রকাশ পাওয়া মাত্রই তারা নিজেদের ভুল বুঝতে পারে।

০৭. (ক) যেকোন দশটি শব্দের পারিভাষিক শব্দ লেখো: ১০
Abstract, Bidder, Cold war, Diplomatic, Embargo,, Face value, Gratuity, Hygiene, Initial, Myth, Justice, Power house, Queue, Sabotage, Violation.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
Patriotism is a very noble virtue. Its means love for one's country. A person who loves his/her country more than anything else is called a patriot. Patriotism inspires a man to do everything just and fair for the wellbeing and betterment of the country. It is the invaluable quality that impels a man to sacrifice his own interest, comfort, pleasure and even his life for the sake of his/her country. To a true patriot mother and the motherland are the same.

০৮. (ক) তোমার কলেজে মহান বিজয় দিবস উদ্‌যাপনের একটি দিনলিপি প্রস্তুত করো। ১০

অথবা, (খ) 'সম্প্রদায়গত সম্প্রীতি' শীর্ষক আলোচনা অনুষ্ঠানের উপযোগী একটি ভাষণ তৈরি করো।

০৯. (ক) দুর্ঘটনায় আহতদের সাহায্যার্থে রক্ত ও প্রয়োজনীয় আর্থিক সহায়তা চেয়ে বন্ধুদের কাছে প্রেরণের জন্য একটি ই-মেইল রচনা করো। ১০

অথবা, (খ) কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে 'বিপণন কর্মকর্তা' পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে আবেদন করো।

১০. সারাংশ লেখো: ১০
শ্রেষ্ঠ বলিয়া অহঙ্কার করিতে যে লজ্জাবোধ করে না, যে মানুষকে নিম্নাসনে বসাইয়া রাখিতে আনন্দবোধ করে, যে দরিদ্র ও ছোটকে ছোট করিয়া রাখিতে কষ্ট অনুভব করে না, যে মানুষের শক্তি-স্বাধীনতা হরণ করিতে ব্যস্ত, যে মানুষের হাত দিয়ে নিজের পায়ের জুতা খুলাইয়া লয়, তোমরা তাহাদিগকে সালাম করিও না। সে সারারাত্রি প্রার্থনা করুক, মানুষ তাহার পদধূলি লইয়া মাথায় মাখুক, সে প্রথম শ্রেণির গাড়িতে চড়ুক, সে রাজ দরবারের সদস্য হউক, তোমরা তাহাকে আত্মীয় মনে করিও না। লক্ষ নরনারী মুক্তির আশায় করুণ নেত্রে তোমাদের দিকেই চাহিয়া আছে। লক্ষ, কোটি মানবাত্মা তোমাদের আগমনের অপেক্ষা করিতেছে। যে দুর্বৃত্তের দল সত্যকে চূর্ণ করিয়া মহান সৃষ্টিকর্তার বাণীকে অবমাননা করিতেছে, তাহাদিগকে দেখিয়া আর তোমরা শ্রদ্ধায় আসন ছাড়িয়া দাঁড়াইও না।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:
প্রকৃতির ওপর আধিপত্য নয়, চাই প্রকৃতির সঙ্গে মৈত্রীর সম্বন্ধ।

১১. (ক) 'শিশু ও নারীর প্রতি সহিংসতা' বিষয়ে শিক্ষক-শিক্ষার্থীর সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) নিচের উদ্দীপক অনুসরণে একটি খুদেগল্প লেখো:
পিতার আকস্মিক মৃত্যুর পর সংসারের হাল ধরতে গিয়ে লেখাপড়া ছেড়ে চাকরি নিয়েছে রাজু। ছোট ভাই মিঠু ও বোন মিনার মধ্যেই সে দেখতে পায় তার স্বপ্ন পূরণের ....

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো: ২০
(ক) মুক্তিযুদ্ধের চেতনা এবং আমাদের করণীয়
(খ) ইন্টারনেট ও বর্তমান বাংলাদেশ
(গ) কৃষিতে বাংলাদেশের উন্নয়ন ও কৃষক
(ঘ) দুর্নীতি: উন্নয়নের অন্তরায়
(ঙ) বাংলাদেশের উৎসব।

# মডেল টেস্ট: ০১

## বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১ ০ ২

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

০১. (ক) বাংলা 'অ' ধ্বনির উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:
কৃতজ্ঞ, নন্দিত, ওষ্ঠ, ইতস্তত, কথ্য, নোঙর, দৃষ্টি নিসর্গ।

০২. (ক) ষ-ত্ব বিধান কী? ষ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:
কৃষিজিবি, ইতিমধ্যে, ক্ষুন্ন, ঘনিষ্ট, স্বচ্ছল, কথপকথন, অপরাহ্ন, পোষ্টমাষ্টার, উর্ধ।

০৩. (ক) উদাহরণসহ সর্বনাম পদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিম্নোক্ত অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষণ পদ চিহ্নিত করো:
কবি কাজী নজরুলের জীবনের পরিণাম অত্যন্ত করুণ। মস্তিষ্কের পক্ষাঘাতে আক্রান্ত হয়ে ১৯৪২ সাল থেকেই তিন ছিলেন নির্বাক ও ভাবশূন্য। ১৯৭৬ সালে কবির জীবনপ্রদীপ নির্বাপিত হয়ে তাঁর সমাধি রচিত হয় ঢাকা বিশ্ববিদ্যালের মসজিদ প্রাঙ্গণে। গানে তিনি এ আশা ব্যক্ত করেছিলেন, 'মসজিদেরই পাশে আমায় কবর দিয়ো ভাই।' তাঁর সে ইচ্ছে পূর্ণ হয়েছে।

০৪. (ক) উপসর্গ কাকে বলে? বাংলা শব্দ গঠনে উপসর্গের ভূমিকা বা গুরুত্ব আলোচনা করো। ৫

অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি):
দম্পতি, রাতকানা, পঞ্চনদ, পকেটমার, দা-কুমড়া, জন্মান্ধ, বেতার জাদুকর।

০৫. (ক) অর্থানুসারে বাক্য কত প্রকার ও কী কী? উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যেকোনো পাঁচটির বাক্যান্তর করো:

i. মানুষ মরণশীল। (নেতিবাচক)
ii. বুড়ি উঠোনে দাঁড়িয়ে ডাকল, ও বাবা। (যৌগিক)
iii. সেই বাঁশির সুর ভারি মিষ্টি। (বিস্ময়সূচক)
iv. মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (নেতিবাচক)
v. নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে প্রতিবাদ জানাই। (অনুজ্ঞাসূচক)
vi. আমার আসল অভিভাবক মামা। (জটিল)
vii. হৈমন্তি কোনো কথা বলিল না। (অস্তিবাচক)
viii. এতে দোষ নেই। (প্রশ্নবাচক)

০৬. (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫

i. হস্তীটি অসীম স্থুল।
ii. আমি সাক্ষী দিব না।
iii. আমি সন্তোষ হলাম।
iv. আগত শনিবারে তারা যাবে।
v. চোরে চোরে চাচাতো ভাই।
vi. আমার টাকার আবশ্যক নাই।
vii. দৈনতা সবসময় ভালো নয়।
viii. তারা একত্রে গমন করল

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো:
বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। একথা প্রমাণ হয়েছে। জীবনে সার্থকতা লাভ করতে হইলে পাঠে মনোযোগি হইতে হইবে। দুরবস্থা আকাঙ্খার অন্তরায়; দৈন্যতা ভালো নয়।

০৭. (ক) যেকোন দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো: ১০
File, Goods, Urban, Public Relations, Judge, Client, Neutral, Pay-order, Invoice, Trade, Quata, Zone, Writ, Midwife, Venue.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
The aim of education is to make a man fully fit for himself and the society. It means to develop the whole man, who consists of his body, mind and soul. It is education which aims at providing a child with opportunities so that it can bring to light its all latent qualities. An educated man should be gentle, thoughtful, creative, kind, respectful, sympathetic and co-operative. If education offers no spiritual beauty, it has no value.

০৮. (ক) একটি গ্রাম্য মেলা দেখার অনুভূতি ব্যক্ত করে দিনলিপি রচনা করো। ১০

অথবা, (খ) জাতীয় শিক্ষা সপ্তাহের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ রচনা করো।

০৯. (ক) ঐতিহাসিক স্থান ভ্রমণ সম্পর্কে বন্ধুকে একটি খুদেবার্তা লেখো। ১০

অথবা, (খ) দ্রব্যমূল্যের উর্ধ্বগতি বিষয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

১০. সারমর্ম লেখো: ১০

ফুটিয়াছে সরোবরে: কমল নিকর
ধরিয়াছে কি আশ্চর্য শোভা মনোহর।
গুন গুণ গুণ রবে কত মধুকরে,
কেমন পুলকে তারা মধুপান করে,
কিন্তু এরা হারাইবে এ দিন যখন;
আসিবে কি অলি আর করিতে গুঞ্জন?
আশায় বঞ্চিত হলে আসিবে না আর,
আর না করিবে এই মধুর ঝংকার;
সুসময়ে অনেকেই বন্ধু বটে হয়,
অসময়ে হায় হায় কেহ কারো নয়।
কেবল ঈশ্বর এই বিশ্বপতি যিনি,
সকল সময়ের বন্ধু সকলের তিনি।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:
কীর্তিমানের মৃত্যু নাই।

১১. (ক) নির্মাণাধীন পদ্মা সেতু প্রকল্প নিয়ে দুই বন্ধুরে মধ্যে সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) 'মানুষের জন্য মানুষ' শিরোনামে একটি খুদেগল্প লেখো।

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো: ২০

(ক) দুর্নীতি: কারণ ও প্রতিকার
(খ) বাংলাদেশের ষড়ঋতু
(গ) পদ্মাসেতু
(ঘ) একুশের বইমেলা
(ঙ) নভেল করোনা ভাইরাস বৈশ্বিক প্রেক্ষাপট।

# মডেল টেস্ট: ০২

## বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড : ১ ০ ২

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

০১. (ক) ম-ফলা উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:
ধন্যবাদ, অধ্যক্ষ, গঞ্জনা, লক্ষ্মণ, অতীত, আহবান, মন্তব্য, অশিক্ষিত।

০২. (ক) বাংলা বানানে 'ই'-কার ব্যবহারের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:
কার্য্যালয়, কনিষ্ট, উজ্জল, স্বান্তনা, তৃরণ, সহপাটি, লাঙ্গল, গহণা।

০৩. (ক) বাংলা ভাষায় শব্দ কী কী উপায়ে গঠিত হয়? উদাহরণ লেখো। ৫

অথবা, (খ) নিম্নোক্ত অনুচ্ছেদ থেকে পাঁচটি বিশেষ্য পদ চিহ্নিত করো:
সাদা মেঘে আকাশ ছেয়ে আছে। হঠাৎ টিপটিপ বৃষ্টি শুরু হলো। করিম ভাঙা ছাতা দিয়ে বৃষ্টি ঠেকানোর বৃথা চেষ্টা করছিল। তার বেখায়ালি মন হালকা বৃষ্টি আর মৃদু হাওয়ায় অস্থির হয়ে উঠল।

০৪. (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) ৫
গায়ে হলুদ, নাতিদীর্ঘ, দম্পতি, জীবনপ্রদীপ, দশভূজা, তেপান্তর, প্রভাত, অনুধাবন।

অথবা, (খ) যেকোনো পাঁচটি প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো:
মিস্তক, দ্বিপায়ন প্রতীচ্য, শয়ন, বাঙ্ময়, ভাস্কর, রাত্রি, পাগলা।

০৫. (ক) বাক্য বলতে কী বোঝো? বাক্যের গঠনগত শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা, (খ) যে কোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো:
i. সদা সত্য কথা বলা উচিত। ( অনুজ্ঞাসূচক)
ii. মাতৃভূমিকে সকলেই ভালোবাসে। (প্রশ্নবাচক)
iii. এটা ভারি লজ্জার কথা। (বিস্ময়সূচক)
iv. বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। (নেতিবাচক)
v. নৈতিক শক্তিসম্পন্ন মানুষ আজকাল বেশি দেখা যায় না। (অস্তিবাচক)
vi. যখন বিপদ আসে, তখন দুঃখও আসে। (যৌগিক)
vii. কীর্তিমানের মৃত্যু নাই। (জটিল)
viii. যদিও লোকটি দরিদ্র, তবু সে চরিত্রবান। (সরল)

০৬. (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i. তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।
ii. তাহার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি।
iii. তিনি স্বস্ত্রীক ঢাকায় বাস করেন।
iv. বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।
v. অন্যায়ের প্রতিফলন দুর্নিবার্য।
vi. সব মাছগুলোর দাম কত।
vii. আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত।
viii. কারো ফাগুন মাস কারো সর্বনাশ।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ শুদ্ধ করো:
বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। জীবনে সার্থকতা লাভ করিতে হইলে পাঠে মনোযোগি হতে হইবে। দূরবস্থা আকাঙ্খার অন্তরায়: দৈন্যতা প্রশংসনীয় নয়। এটি লজ্জাস্কর ব্যাপার।

০৭. (ক) যেকোন দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো: ১০
Bond, Panel, Note, Quary, Bonus, Exit, Manifesto, Diary, Credit, Idiom, Ethics, Goods, Block, Audit, Act.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lessons interesting. He keeps pupils and students awake. He also makes them confident and proves them clever. Everybody has something valuable in him. A good teacher discovers the treasure hidden inside each student.

০৮. (ক) তোমার কলেজের নবীনবরণ অনুষ্ঠানের অভিজ্ঞতা বর্ণনা করো। ১০

অথবা, (খ) জাতি গঠনে নারী সমাজের ভূমিকা সম্পর্কে একটি মঞ্চ ভাষণ তৈরি করো।

০৯. (ক) সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত কোনো মেধাবী বন্ধুর জন্য জরুরিভাবে রক্ত ও আর্থিক সাহায্য চেয়ে একটি 'ই-মেইল তৈরি করো।

অথবা, (খ) তোমার এলাকায় মশায় উপদ্রব থেকে প্রতিকার চেয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের জন্য একটি চিঠি লেখো।

১০. সারাংশ লেখো: ১০
আজকের দুনিয়াটা আশ্চার্যভাবে অর্থের বা বিত্তের ওপর নির্ভরশীল। লাভ ও লোভের দুর্নিবার গতি কেবল আগে যাবার নেশায় লক্ষহীন প্রচন্ড বেগে শুধুই বিনাশের পথে এগিয়ে চলেছে। মানুষ যদি এ মূঢ়তাকে জয় না করতে পারে, তবে মনুষ্যত্ব কথাটাই হয়তো লোপ পেয়ে যাবে। মানুষের জীবন আজ এমন এক পর্যায়ে এসে পৌছেছে সেখান থেকে আর হয়ত নামবার উপায় নেই, এবার উঠবার সিঁড়ি না খুঁজলেই নয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:
সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত।

১১. (ক) 'শিশু ও নারীর প্রতি সহিংসতা' বিষয়ে শিক্ষক-শিক্ষার্থীর সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) প্রদত্ত সংকেত অনুসরণে 'বিপদে বন্ধুর পরিচয়' শিরোনামে একটি খুদেগল্প রচনা করো:
নদীপথে দুই বন্ধুর নৌকা ভ্রমণ-পরস্পরের জন্য আত্মত্যাগের অঙ্গীকার-আকস্মিক নৌকা ডুবে যায়– এক বন্ধু সাঁতার জানে আরেক বন্ধু সাঁতার অক্ষম................।

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো: ২০
(ক) রোহিঙ্গা সমস্যা ও সমাধানের উপায়
(খ) তথ্য-প্রযুক্তি ও বাংলাদেশ
(গ) বাংলাদেশের পোষাক শিল্প
(ঘ) মাদকাসক্তির পরিণাম ও প্রতিকার
(ঙ) জাতি গঠনে ছাত্র সমাজের ভূমিকা।

# মডেল টেস্ট: ০৩

## বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ১০০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

০১. (ক) 'এ' ধ্বনি উচ্চারণের যেকোনো পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখো:
মুদ্রিত, অসীম, বৈশাখ, বৈষম্য, কেমন, বহ্নি, মনীষা, অতঃপর।

০২. (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখো:
সন্যাসী, দুরাবস্থা, আকাংখা, বুদ্ধিজীবি, সমিচিন, শান্তনা, ষ্টেডিয়াম, উপরোক্ত।

০৩. (ক) উদাহরণসহ বিশেষণ পদের শ্রেণিবিভাগ আলোচনা করো। ৫

অথবা, (খ) নিম্নোক্ত অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়াপদ পদ চিহ্নিত করো:
কাকডাকা ভোরে ঘুম থেকে উঠল অনিন। ধীরে বাতাস বইছে। বিলাসী ফ্লাটের বারান্দায় বসে সে দৃষ্টি ছড়িয়ে দেয় শরতের শিশিরসিক্ত হাওয়ায় দুলতে থাকা লনের গাঢ় সবুজ আম গাছের দিকে। এছাড়া বাহারি বাগানের চমৎকার সব ফুলের দিকে তাকিয়ে তার চোখ জুড়িয়ে যায়।

০৪. (ক) সমাস কাকে বলে? বাংলা ভাষায় সমাসের প্রয়োজনীয়তা আলোচনা করো। ৫

অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো:
মিতালি, কারক, নেতা, কার্য, সৈন্য, মানব, ঢাকাই, খেলনা

০৫. (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কয়টি গুণ বা বৈশিষ্ট্য থাকা আবশ্যক–উদাহরণসহ আলোচনা করো। ৫

অথবা, (খ) বন্ধনীর নির্দেশ অনুসারে যে কোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর করো:
i. সে কেবল কাঁদল না। (অস্তিবাচক)
ii. তোমার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি। (ইচ্ছাসূচক)
iii. এখনই যাও, নতুবা তার দেখা পাবে না। (জটিল)
iv. রাত শেষ হলো এবং সঙ্গে সঙ্গে বৃষ্টি শুরু হলো। (সরল)
v. দেশকে ভালোবেসে শত শহিদ জীবন উৎসর্গ করেছেন। (প্রশ্নসূচক)
vi. তার ত্যাগের মহিমা কী অপূর্ব। (নির্দেশসূচক)
vii. পরীক্ষায় ভালো করার জন্য এখন থেকেই তোমার চেষ্টা করা উচিত। (যৌগিক)
viii. এ জন্যই তোমাকে সকলে প্রিয়ংবদা বলে। (নেতিবাচক)

০৬. (ক) যেকোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখো: ৫
i. নদীর জলে অস্তমান সূর্যের ছায়া পড়েছে।
ii. চোখে হলুদ ফুল দেখছি।
iii. একের বোঝা, দশের লাঠি।
iv. আমার টাকার আবশ্যক নাই।
v. বিরাট গরু-ছাগলের হাট।
vi. বিধি লজ্ঘন হয়েছে।
vii. এখানে প্রবেশ নিষেধ।
viii. সময় বড় সংক্ষেপ।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদের অপপ্রয়োগ শুদ্ধ করো:
ছেলেটি ভয়ানক মেধাবী ও বিনয়ী। তার মেধা পরিদর্শন করে সবাই মুগ্ধ। শিক্ষকবৃন্দরা মনে করেন, আগামী ভবিষ্যতে সে অসামান্য সাফল্যতা বয়ে আনবে, যা ইতিপূর্বে এ প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থীর পক্ষে সম্ভব হয়নি।

০৭. (ক) যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো: ১০
Current, Release, Bloodshed, White-paper, Discharge, North Star, Lifeboat, Office-bearer, Publicity, Settlement, Accused, Tax, Spokesman, Unskilled, Queue.

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ করো:
We should bear the courage to say the right thing. We need not fear men nor care for what others think of us. So long as our purpose is honest, God will be on our side, and with His help, we shall be able to encourage the weak. Thus we shall be able to march in life and search its goal.

০৮. (ক) ঈদের দিনের দিনলিপি লিখন। ১০

অথবা, (খ) তোমার কলেজে সম্প্রতি অনুষ্ঠিত অভিভাবক সমাবেশ সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।

০৯. (ক) ইন্টারনেট ব্যবহারের সুফল ও কুফল সম্পর্কে পরামর্শ জানিয়ে ছোটভাইকে একটি ই-মেইল লেখো। ১০

অথবা, (খ) তোমার এলাকায় একটি রাস্তা সংস্কার সম্বন্ধে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে পত্রিকায় প্রকাশের জন্য একটি চিঠি লেখো।

১০. সারমর্ম লেখো: ১০
দৈন্য যদি আসে, আসুক লজ্জা কিবা তাহে?
মাথা উঁচু রাখিস।
সুখের সাথি মুখের পানি যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ করো:
কীর্তিমানের মৃত্যু নেই।

১১. (ক) ২১শে ফেব্রুয়ারির চেতনা নিয়ে শিক্ষক ও ছাত্রের সংলাপ রচনা করো। ১০

অথবা, (খ) 'কৌতূহলী বানর' সম্পর্কে একটি খুদেগল্প লেখো।

১২. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখো: ২০
(ক) নারী শিক্ষা ও জাতীয় উন্নয়ন;
(খ) বাংলাদেশের কৃষক;
(গ) বৃত্তিমূলক শিক্ষা;
(ঘ) স্বদেশপ্রেম
(ঙ) জলবায়ু পরিবর্তন ও বাংলাদেশ।